

■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ১৩২৪

পর্ব-৪: সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ৩৯. দ্বিতীয় অনুচ্ছেদ - নফল সালাত

আরবী

وَعَنْ عَلِيِّ رَضِيَ اللَّهُ عَنْهُ قَالَ: حَدَّتَنِي أَبُو بَكْرٍ وَصَدَقَ أَبُو بَكْرٍ. قَالَ: سَمِعْتُ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَقُولُ: مَا مِنْ رَجُلٍ يُذْنِبُ ذَنْبًا ثُمَّ يَقُومُ فَيَتَطَهَّرُ ثُمَّ يُصلِّي ثُمَّ يَسْتَغْفِرُ اللَّهَ إِلَّا غَفَرَ الله لَهُ ثَمَّ قَرَأً هَذِه الاية: (وَالَّذِينَ إِذَا فَعَلُوا فَاحِشَةً أَوْ ظَلَمُوا أَنْفُسَهُمْ ذَكُرُوا الله فاستغفروا لذنوبهم)

رَوَاهُ التِّرْمِذِيُّ وَابْنُ مَاجَهُ إِلَّا أَنَّ ابْنَ مَاجَه لم يذكر الْآيَة

বাংলা

১৩২৪-[৩] 'আলী (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, আমীরুল মু'মিনীন আবূ বকর সিদ্দীরু (রাঃ)আমাকে বলেছেন এবং তিনি সম্পূর্ণ সত্য বলেছেন। তিনি বলেছেন, আমি রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-কে বলতে শুনেছিঃ যে কোন লোক অন্যায় করার পর (লজ্জিত হয়ে) উঠে গিয়ে উযূ (ওয়ু/ওজু/অজু) করে ও সালাত (সালাত/নামায/নামাজ) আদায় করে এবং আল্লাহর নিকট ক্ষমা প্রার্থনা করে, আল্লাহ তা'আলা তার গুনাহ ক্ষমা করে দেন। তারপর তিনি এ আয়াত পড়লেন (মূল আয়াত হাদীসে আছে) "এবং যেসব লোক এমন কোন কাজ করে বসে যা বাড়াবাড়ি ও নিজেদের ওপর যুলম, এরপর আল্লাহর কথা স্মরণ হয়, তখন নিজেদের গুনাহের জন্যে আল্লাহর নিকট ক্ষমা প্রার্থনা করে থাকে"- (সূরাহ্ আ-লি 'ইমরান ৩: ১৩৫)। (তিরমিয়ী ও ইবনু মাজাহ; কিন্তু ইবনু মাজাহ উপরোক্ত আয়াত উল্লেখ করেননি।)[1]

ফুটনোট

[1] সহীহ : আত্ তিরমিয়ী ৪০৬, ইবনু মাজাহ্ ১৩৯৫, আহমাদ ২, সহীহ আত্ তারগীব ৬৮০।

ব্যাখ্যা

ব্যাখ্যা: (صَدَقَ أَبُو بَكْرِ) এ বাক্যটি একটি স্বতন্ত্র বাক্য 'আলী (রাঃ) তা দ্বারা আবূ বাকর (রাঃ)-এর বড়ত্ব বর্ণনা



করেছেন এবং সত্যবাদিতায় তিনি পরিপূর্ণ, এমনকি নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তার নাম রেখেছেন সিদ্দীক। এখানে السُتَغْفَارُ দ্বারা উদ্দেশ্য হলো অনুশোচনার মাধ্যমে আল্লাহর নিকট তাওবাহ্ করা এবং পাপ কাজে না ফেরার দৃঢ় প্রত্যয় বা অঙ্গীকার করা।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন